রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৪.২২.২৬—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''সিনেমা হল" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২৩ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ''সিনেমা হল" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**লিয়াকত আলী মোল্লা**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য :** টাকা ২০.০০

# “সিনেমা হল” শিল্প
# খসড়া সুপারিশ-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ৩০-০৬-২০২২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নম্বর ১৯৭-আইন/২০২২ তারিখ: ২৬-০৬-২০২২) নিম্নতম মজুরী বোর্ডে “সিনেমা হল” শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। অতঃপর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০৫০.১৭.৭০ তারিখ: ১৯-০৭-২০২২ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক “সিনেমা হল” শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড “সিনেমা হল” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ  ঢাকা জেলায় অবস্থিত যথাক্রমে লায়ন সিনেমাস/সিনেপ্লেক্স, কেরানীগঞ্জ, ঢাকা ও নিউ গুলশান সিনেমা হল, কেরানীগঞ্জ, ঢাকায় উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন। বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক “সিনেমা হল” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে **খসড়া সুপারিশ** পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “সিনেমা হল” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল "ক" এ উল্লিখিত বাৎসরিক নেটসেল এর ভিত্তিতে সিনেমা হল এর শ্রেণি বিভাগ হিসাবে গণ্য হইবে ও তপশিল "জ" এ উল্লিখিত সুবিধাদি বিশেষ ভাতা হিসাবে গণ্য হইবে।

৬। তপশিল "খ", তপশিল "গ", তপশিল "ঘ", তপশিল "ঙ", তপশিল "চ" ও তপশিল "ছ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৭। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত (৮) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তপশিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১১। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১২। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির কমপক্ষে ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির কমপক্ষে ৫% হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৬০০০/- (ছয় হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৬৩০০/- (ছয় হাজার তিনশত) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৬৩০০/- (ছয় হাজার তিনশত) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৬৬১৫/- (ছয় হাজার ছয়শত পনেরো) টাকা নির্ধারিত হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৪। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**লিয়াকত আলী মোল্লা**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

| | | |
|---|---|---|
| স্বাক্ষরিত | স্বাক্ষরিত | স্বাক্ষরিত |
| (অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন) | (মকসুদ বেলাল সিদ্দিকী) | (সুলতান আহম্মদ) |
| নিরপেক্ষ সদস্য | মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য | শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য |

| | |
|---|---|
| স্বাক্ষরিত | স্বাক্ষরিত |
| (আওলাদ হোসেন) | (মো: আনোয়ার হোসেন দুলাল) |
| সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য | সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য |

**তপশিল "ক"**

**বাৎসরিক নেটসেল এর ভিত্তিতে সিনেমা হল এর শ্রেণি বিভাগ**

| **সিনেমা হলের শ্রেণি বিভাগ** | **বাৎসরিক নেটসেল (টাকা)** |
|---|---|
| এ- শ্রেণি সিনেমা হল | প্রতি বৎসরে ২২ লক্ষ টাকার উপরে নেটসেল করে এইরূপ সিনেমা হল এ- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| বি-শ্রেণি সিনেমা হল | প্রতি বৎসরে ১৮ লক্ষ হইতে ২২ লক্ষ টাকার মধ্যে নেটসেল করে এইরূপ সিনেমা হল বি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| সি-শ্রেণি সিনেমা হল | প্রতি বৎসরে ১৫ লক্ষ হইতে ১৮ লক্ষ টাকার মধ্যে নেটসেল করে এইরূপ সিনেমা হল সি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| ডি-শ্রেণি সিনেমা হল | প্রতি বৎসরে ১২ লক্ষ হইতে ১৫ লক্ষ টাকার মধ্যে নেটসেল করে এইরূপ সিনেমা হল ডি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| ই-শ্রেণি সিনেমা হল | প্রতি বৎসরে ৯ লক্ষ হইতে ১২ লক্ষ টাকার মধ্যে নেটসেল করে এইরূপ সিনেমা হল ই- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| এফ-শ্রেণি সিনেমা হল | প্রতি বৎসরে ৮ লক্ষ হইতে ৯ লক্ষ টাকার মধ্যে নেটসেল করে এইরূপ সিনেমা হল এফ- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |

## তপশিল “খ”

### এ- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ১১৬৪০/- | ৪৬৫৬/- | ৮০০/- | ৪০০/- | ১৭৪৯৬/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ১০৩৫০/- | ৪১৪০/- | ৮০০/- | ৪০০/- | ১৫৬৯০/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৮৭৯৫/- | ৩৫১৮/- | ৮০০/- | ৪০০/- | ১৩৫১৩/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | <u>**অদক্ষ:**</u><br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিস)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিস)<br>৭। সুইপার | ৭৭৬০/- | ৩১০৪/- | ৮০০/- | ৪০০/- | ১২০৬৪/- |
| ৫। | **শিক্ষানবিস:** | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯০০০/-( নয় হাজার ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## তপশিল “গ”

## বি- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ১০৩৫০/- | ৪১৪০/- | ৮০০/- | ৪০০/- | ১৫৬৯০/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৮৭৯৫/- | ৩৫১৮/- | ৮০০/- | ৪০০/- | ১৩৫১৩/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৭৭৬০/- | ৩১০৪/- | ৮০০/- | ৪০০/- | ১২০৬৪/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিস)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিস)<br>৭। সুইপার | ৬৭২৫/- | ২৬৯০/- | ৮০০/- | ৪০০/- | ১০৬১৫/- |
| ৫। | **শিক্ষানবিস:** | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৮০০০/-(আট হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## তপশিল “ঘ”

## সি- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৯৩১৫/- | ৩৭২৬/- | ৮০০/- | ৪০০/- | ১৪২৪১/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৭৭৬০/- | ৩১০৪ /- | ৮০০/- | ৪০০/- | ১২০৬৪/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৭২৪৫/- | ২৮৯৮/- | ৮০০/- | ৪০০/- | ১১৩৪৩/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিস)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিস)<br>৭। সুইপার | ৬৪৬৫/- | ২৫৮৬/- | ৮০০/- | ৪০০/- | ১০২৫১/- |
| ৫। | **শিক্ষানবিস:** | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭৬০০/-(সাত হাজার ছয়শত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## তপশিল “ঙ”

## ডি- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৮২৫৫/- | ৩৩০২/- | ৮০০/- | ৪০০/- | ১২৭৫৭/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৭০০০/- | ২৮০০/- | ৮০০/- | ৪০০/- | ১১০০০/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৬৫০০/- | ২৬০০/- | ৮০০/- | ৪০০/- | ১০৩০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিস)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিস)<br>৭। সুইপার | ৫৭৫৫/- | ২৩০২/- | ৮০০/- | ৪০০/- | ৯২৫৭/- |
| ৫। | **শিক্ষানবিস:** | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭০০০/-(সাত হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## তপশিল "চ"

## ই- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতরদক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৮০০০/- | ৩২০০/- | ৮০০/- | ৪০০/- | ১২৪০০/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৬৫০০/- | ২৬০০/- | ৮০০/- | ৪০০/- | ১০৩০০/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৫৭৫৫/- | ২৩০২/- | ৮০০/- | ৪০০/- | ৯২৫৭/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিস)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিস)<br>৭। সুইপার | ৫৫০০/- | ২২০০/- | ৮০০/- | ৪০০/- | ৮৯০০/- |
| ৫। | **শিক্ষানবিস:** | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬৭০০/-(ছয় হাজার সাতশত ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## তপশিল "ছ"

## এফ- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৭৫০০/- | ৩০০০/- | ৮০০/- | ৪০০/- | ১১৭০০/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৬২৫৫/- | ২৫০২/- | ৮০০/- | ৪০০/- | ৯৯৫৭/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৫৫০০/- | ২২০০/- | ৮০০/- | ৪০০/- | ৮৯০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিস)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিস)<br>৭। সুইপার | ৫০০০/- | ২০০০/- | ৮০০/- | ৪০০/- | ৮২০০/- |
| ৫। | **শিক্ষানবিস:** | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬২০০/-(ছয় হাজার দুইশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

**তপশিল "জ"**

**বিশেষ ভাতা**

| ক্রমিক নম্বর | সুবিধাদির নাম | বিবরণ |
|---|---|---|
| ১। | বিশেষ ভাতা | শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হলের সকল শ্রেণির শ্রমিকগণ শ্রেণিবিন্যাস অনুযায়ী নিম্নতম মূল মজুরির শতকরা ২০ (বিশ) ভাগ হারে বিশেষ ভাতা পাইবেন। |
| ২। | বাড়ী ভাড়া ভাতা | ঢাকা শহরে অবস্থিত সিনেমা হলের সকল শ্রেণির শ্রমিকগণ তপশিলে উল্লিখিত বাড়ী ভাড়ার সহিত অতিরিক্ত শতকরা ১৫ (পনেরো) ভাগ হারে বাড়ী ভাড়া ভাতা পাইবেন। |
| | | চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, রংপুর এবং বরিশাল শহরে অবস্থিত সিনেমা হলে কর্মরত স্থায়ী শ্রমিকগণ তপশিলে উল্লিখিত বাড়ী ভাড়ার সহিত অতিরিক্ত শতকরা ০৫ (পাঁচ) ভাগ হারে বাড়ী ভাড়া ভাতা পাইবেন। |
| ৩। | টিফিন ভাতা | যদি কোনো স্থায়ী শ্রমিক ০৮ (আট) ঘন্টার অতিরিক্ত কাজ করেন, তাহা হইলে তিনি প্রচলিত শ্রম আইন অনুযায়ী ওভার টাইম এবং অন্যান্য ভাতা (যদি থাকে) পাইবেন। এই ক্ষেত্রে যে সমস্ত স্থায়ী শ্রমিক কাজ করিবেন সে সমস্ত শ্রমিক প্রতি দিনের জন্য ৩০.০০ (ত্রিশ) টাকা হারে টিফিন ভাতা পাইবেন। |

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd